# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## নির্বাহী প্রকৌশলীর দপ্তর
### পাবনা পানি উন্নয়ন বিভাগ

চক-ছাতিয়ানী, পাবনা।

e-mail: xenbwdbpabna@gmail.com, web: www.bwdb.gov.bd


স্মারক নং- ই-২/১১৬০ তারিখঃ ১৩-০৭-২০২৬ খ্রিঃ

**"সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনা এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন কার্য ক্রয় (Works) ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য (Goods) সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ খ্রিঃ অর্থ বৎসরে ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভূক্তি ও তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারীদের নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদন করা যাবে।

**১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির আবেদন ফরম বিতরণ/বিক্রয় ও গ্রহণের তফসিলঃ**

| ক্রমিক নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয়ের শুরুর তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | নতুন তালিকাভূক্তির আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | নতুন ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য ও পণ্য) | ১৩-০৭-২০২৬ খ্রিঃ | ১৩-০৮-২০২৬ খ্রিঃ | ১৩-০৮-২০২৬ খ্রিঃ |

**৩। তালিকাভূক্তি ঠিকাদার/সরবরাহকারীদের নবায়নের তফসিল (কার্য ও পণ্য)ঃ**

| ক্রমিক নং | নবায়নের আবেদন ফরম বিতরণ শুরুর তারিখ | নবায়নের আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ | নবায়নের আবেদন ফরম জমাদানের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|
| ১ | ১৩-০৭-২০২৬ খ্রিঃ | ১৩-০৮-২০২৬ খ্রিঃ | ১৩-০৮-২০২৬ খ্রিঃ |

**শর্তাবলীঃ-**

০১। নবায়ন/নতুন তালিকাভূক্তির আবেদন ফরম ক্রয় বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার প্রে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) হিসাব রক্ষণ অফিসার,আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পাবনার অনুকূলে পরিশোধ স্বাপেক্ষে অত্র দপ্তর হতে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। নির্ধারিত আবেদন ফরম সঠিকভাবে পুরন করতঃ আবেদন পত্রের সাথে প্রয়োজনীয় (নিম্নে উল্লেখিত) কাগজপত্রসহ অত্র দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০২। কার্যক্রয়ের জন্য ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা এবং পণ্য সরবাহের জন্য ৩.০০ (তিন) লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/বিবরণি (বিজ্ঞপ্তির তারিখ হতে আবেদন গ্রহনের শেষ তারিখের মধ্যে হতে হবে)। ব্যাংক সলভেন্সি সনদপত্রে অবশ্যই ব্যাংকের ই-মেইল এবং ফোন নাম্বার থাকতে হবে।

০৩। আবেদনের সাথে বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স এবং BIN & TIN Certificate জমা দিতে হবে।

০৪। আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে।

০৫। প্রতিষ্ঠানের যন্ত্রপাতি এবং জনবলের তালিকা জমা দিতে হবে।

০৬। বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল ষ্টাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

০৭। ঠিকাদার তালিকাভূক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভূক্তি নবায়ন/নতুন তালিকাভূক্তির আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে।

০৮। ঠিকাদার তালিকাভূক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের প্রাথমিক অনুমোদনের পর নতুন ঠিকাদার তালিকাভূক্তির নিবন্ধন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/ (সাতশত পঞ্চাশ) টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে নতুন তালিকাভূক্তির জন্য ৩০০০/-(তিন) হাজার টাকা ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকার (অফেরতযোগ্য) পৃথক ০২ টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পাবনার অনুকূলে জমা দিতে হবে (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তির তারিখ হতে আবেদন গ্রহনের শেষ তারিখের মধ্যে হতে হবে)।

০৯। ঠিকাদার নবায়ন করার ক্ষেত্রে নবায়ন ফি বাবদ ২,০০০/-(দুইহাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/-(তিনশত) টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে নবায়নের জন্য ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ) টাকার (অফেরতযোগ্য) পৃথক ০২ টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পাবনার অনুকূলে জমা দিতে হবে (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তির তারিখ হতে আবেদন গ্রহনের শেষ তারিখের মধ্যে হতে হবে)।

উল্লেখ্য যে, নির্বাহী প্রকৌশলী, পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পাবনা কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র সমূহ গ্রহণ অথবা বাতিল এবং সময়সীমা বৃদ্ধি/হ্রাস করার ক্ষমতা রাখে। সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশগ্রহনের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

স্বাঃ/

মোঃ মাহবুব আলম
নির্বাহী প্রকৌশলী
পাবনা পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পাবনা।

চলমান পাতা-০২



CamScanner

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## নির্বাহী প্রকৌশলীর দপ্তর
### পাবনা পানি উন্নয়ন বিভাগ

চক-ছাতিয়ানী, পাবনা।
e-mail: xenbwdbpabna@gmail.com, web: www.bwdb.gov.bd

স্মারক নং-ই-২/১১৬০/১(১০) তারিখঃ ১৩-০৭-২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্য্যকারী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ-

০১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, সপুরা, রাজশাহী।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পাবনা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। **বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।**
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২, গ্রীণ রোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো,পানি ভবন, ঢাকা।
০৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা/কাশিনাথপুর/ডেমরা পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, পাবনা।
০৮। হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, পাবনা।
০৯। হিসাব শাখা, পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পাবনা।
১০। দপ্তর কপি।

Mahabub
১৩/০৭/২০২৬

নির্বাহী প্রকৌশলী
পাবনা পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পাবনা।